# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ৩. মাতার সাথে অসদ্ব্যবহার

যীশু পিতামাতাকে সম্মান করতে নির্দেশ দিয়েছেন (মথি ১৯/১৯)। কিন্তু ইঞ্জিলগুলোর বর্ণনা অনুসারে তিনি তাঁর মাতাকে সম্মান করেননি; বরং তাঁর সাথে অশালীন ও রূঢ় ব্যবহার করেছেন। যীশুর মা তাঁর সাথে সাক্ষাৎ করতে চাইলে তিনি সাক্ষাৎ দিতে অস্বীকার করেন। উপরন্তু তাঁর মাতৃত্বের প্রতি কটাক্ষ করে বলেন, যারা ঈশ্বরের ইচ্ছা পালন করে না তারা তাঁর মা বা ভাইবোন হতে পারেন না। মার্কের ভাষ্য নিম্নরূপ: ‘‘এর পরে যীশুর মা ও ভাইয়েরা সেখানে আসলেন এবং বাইরে দাঁড়িয়ে থেকে যীশুকে ডেকে পাঠালেন। যীশুর চারিদিকে তখন অনেক লোক বসেছিল। তারা যীশুকে বলল, ‘আপনার মা ও ভাইয়েরা বাইরে আপনার খোঁজ করছেন।’ যীশু বললেন: কে আমার মা, আর কারা আমার ভাই? (Who is my mother, or my brethren?) যারা তাঁকে ঘিরে বসে ছিল তিনি তাদের দিকে তাকিয়ে বললেন, ‘এই তো আমার মা ও ভাইয়েরা! ঈশ্বরের ইচ্ছা যারা পালন করে তারাই আমার ভাই, বোন ও মা।’’ (মার্ক ৩/৩১-৩৫ বা.-২০০০। পুনশ্চ: মথি ১২/৪৬-৫০; লূক ৮/১৯-২১)

এখানে প্রশ্ন হল, কারো মা অবিশ্বাসী হলেই কি তার মাতৃত্ব অস্বীকার করা যায়? অবিশ্বাসী মাতা সাক্ষাৎ করতে চাইলে সাক্ষাৎ প্রদান অস্বীকার করতে হবে?

ইঞ্জিলের অন্য বর্ণনায় একদিন তাঁর মা তাঁকে বলেন যে, তাদের আঙ্গুর-রস (wine মদ) নেই। তখন যীশু তাকে বলেন: Woman, what have I to do with thee? অর্থাৎ, হে নারী, তোমার সাথে আমার কী করার আছে? কেরি: ‘‘হে নারি, আমার সঙ্গে তোমার বিষয় কী?’’ কি. মো.-১৩: ‘‘ঈসা তাঁকে বললেন, হে নারী, এই বিষয়ে তোমার সঙ্গে আমার সম্পর্ক কি?’’ (যোহন/ ইউহোন্না ২/৪)

যীশু ক্রুশবিদ্ধ অবস্থায় তাঁর মাতাকে দেখে বলেন: ‘‘হে নারী, ঐ দেখ, তোমার পুত্র (Woman, behold thy son!)’’। (যোহন/ ইউহোন্না ১৯/২৬, মো.-১৩) এভাবে জীবনের শেষ মুহূর্তেও তিনি মাকে ‘হে নারী’ বলে সম্বোধন করছেন!

এখানে আমরা দুটো বিষয় দেখছি যা বিশ্বাস করা খুবই কঠিন:

প্রথমত: নিজের মাতাকে ‘হে নারী’ (Woman) বলে সম্বোধন করা যে কোনো ধর্মীয় ও মানবীয় বিচারে অন্যায় ও অশোভন কর্ম। অথচ আমরা দেখছি যে, যীশু জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত এভাবেই আচরণ করছেন। কোনো বিশ্বাসী খ্রিষ্টান কি নিজের সন্তানদেরকে যীশুর এ আচরণ শিক্ষা দেবেন? তিনি কি নিজের মায়ের সাথে এ আচরণ করবেন? কেউ যদি এরূপ আচরণ করে তবে কিভাবে মূল্যায়ন করবেন?

আমরা ইতোপূর্বে বলেছি যে, নিজের মাতাকে এভাবে ‘ওহে মহিলা’ বা ‘হে নারী’ বলে সম্বোধন করা যে অশোভনীয় ও অশালীন তা সম্ভবত খ্রিষ্টান প্রচারকরাও বুঝতে পারেন। আর এজন্যই বিভিন্ন বাংলা অনুবাদে ‘হে নারী’ কথাটা বাদ দিয়ে অনুবাদ করা হয়েছে। কিন্তু যীশুর আচরণকে অশোভন মনে করে গোপন করা কি বিশ্বাসের পরিপন্থী নয়? যীশু যা বলেছেন ও করেছেন তা সুদৃঢ়ভাবে সঠিক বলে বিশ্বাস, প্রচার ও প্রবর্তন করাই

কি বিশ্বাসের দাবি নয়? বাইবেল থেকে কোনো শব্দ বা বাক্য অশোভন মনে করে বাদ দেওয়া কি বিশ্বাসের সাথে সাংঘর্ষিক নয়?

দ্বিতীয়ত: নিজের মা যতই ভুল করুন না কেন, কোনো সন্তানের কি বলা শোভনীয় যে, আমার সাথে তোমার কী সম্পর্ক? তোমার বিষয় নিয়ে আমার কী দায়? মাতার কথার উত্তরে সন্তানের এ বক্তব্য কি যীশুর পবিত্র ব্যক্তিত্বের সাথে শোভনীয়? তাঁর অনুসারীদের জন্য এ আচরণ কি অনুকরণীয় আদর্শ? কোনো বিশ্বাসী খ্রিষ্টান কি এ আচরণকে শোভনীয় বলে বিশ্বাস করেন? তিনি কি নিজের সন্তানদেরকে এরূপ আচরণ করতে শেখাবেন? নিজে এরূপ করবেন? আর যদি তিনি এরূপ আচরণ অশোভন বলে বিশ্বাস করেন তবে তাকে স্বীকার করতে হবে, যীশু সর্বদা মাতাকে অসম্মান করতেন অথবা ইঞ্জিলগুলো মিথ্যা লেখেছে।

যীশু শেখালেন যে, কেউ তার ভাইয়ের উপরে রাগ করলে বিচারের দায়ে পড়বে। "তোমাদের সংগে যে কেউ খারাপ ব্যবহার করে তার বিরুদ্ধে কিছুই কোরো না; বরং যে কেউ তোমার ডান গালে চড় মারে তাকে অন্য গালেও চড় মারতে দিয়ো।" (মথি ৫/২২, ৩৯)। অথচ তিনিই তাঁর মায়ের কথায় ক্রুদ্ধ হয়ে এরূপ অশোভন আচরণ করছেন! তিনিই বলছেন, মাতাকে সম্মান কর (মথি ১৯/১৯)। অথচ তিনিই মাতাকে এভাবে অসম্মান করছেন! যীশু ইহুদি ধর্মগুরুদের নিন্দা করে বলেছেন: "তাঁরা যা কিছু করতে বলেন তা কোরো এবং যা পালন করবার হুকুম দেন তা পালন কোরো। কিন্তু তাঁরা যা করেন তোমরা তা কোরো না, কারণ তাঁরা মুখে যা বলেন কাজে তা করেন না।" (মথি ২৩/৩) ইঞ্জিলগুলো কি যীশুকে এরূপ কোনো ধর্মগুরু হিসেবে চিত্রিত করছে? যীশুর পারিবারিক মূল্যবোধ (Jesus' Family Values) প্রবন্ধে গ্যারি ডেভানি (Gary DeVaney) লেখেছেন:

"Did the Bible ever emphasize Jesus loving His brothers or sisters; His father, or mother ...? Many times the Bible did say there was a disciple, whom Jesus loved. Can you explain what that was about?  In your value system, is Jesus Christ and God "right and good" about what is "right and good" for human beings? ... Jesus said to her: Woman, how does your concern affect Me? Catholic Woman, what do I have to do with thee? KJV Jesus' arrogance loses me. Catholic BN: A Hebrew expression of hostility - a denial of common interest. Behold! This Catholic Bible Note actually criticized Jesus' comment. Matthew 12:46-49 ... Who is My mother? Who are My brothers? Jesus doesn't acknowledge His family. Jesus rejects them. What a sad example of Jesus' family values. In Luke 2:50 Jesus, age 12, disappeared from His parents for 3 days with no apology."

"বাইবেল কি কখনো গুরুত্ব দিয়েছে যে, যীশু তাঁর ভাইবোনদেরকে, পিতাকে বা মাতাকে ভালবাসতেন? ... বাইবেল অনেকবার উল্লেখ করেছে যে, যীশুর একজন শিষ্য ছিল যাকে তিনি 'প্রেম করতেন'। কিসের প্রেক্ষাপটে এটা ছিল তা কি আপনি ব্যাখ্যা করতে পারবেন? আপনার মূল্যবোধ বিবেচনায় মানুষের জন্য যা সঠিক ও ভাল যীশু এবং ঈশ্বর কি সে বিষয়গুলোতে সঠিক ও ভাল? ... ক্যাথলিক ভার্শনের পাঠ অনুসারে যীশু তাঁর মাকে বলেন: "হে নারী, তোমার উদ্বেগ আমাকে প্রভাবিত করবে কিভাবে?"। কিং জেমস ভার্শন অনুসারে যীশু বলেন: "হে নারী, তোমার সাথে আমার কী করার আছে?" যীশুর ঔদ্ধত্য আমাকে হারাচ্ছে। ক্যাথলিক বাইবেলের টীকায় বলা হয়েছে যে, যীশু তাঁর মাকে যে কথাটা বলেছেন এটা হিব্রু ভাষায় বৈরিতা প্রকাশ ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্টতা অস্বীকার করার জন্য ব্যবহার করা হত। ক্যাথলিক বাইবেলের টীকা বাস্তবে যীশুর মন্তব্যের সমালোচনা করছে।

মথি ১২/৪৬-৪৯.. যীশু বললেন কে আমার মা? কে আমার ভাই? যীশু তাঁর পরিবারকে স্বীকৃতি দিলেন না। যীশু তাঁদেরকে প্রত্যাখ্যান করলেন। যীশুর পারিবারিক মূল্যবোধের এটা অত্যন্ত দুঃখজনক নমুনা! লূক ২/৫০: যীশু ১২ বছর বয়সের সময় তাঁর পিতামাতা থেকে ৩ দিন উধাও হয়ে থাকেন, কোনো কৈফিয়ত বা ক্ষমা প্রার্থনা ছাড়াই।"[1]

## ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id119.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন